গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ

বিজ্ঞপ্তি নং-৯৪/নসক/২৫ তারিখ: ৩০/০৯/২০২৫খ্রি.

২০২২-২০২৩ শিক্ষাবর্ষ প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশন করতে ইচ্ছুক শিক্ষার্থীদের বিশেষভাবে জানানো যাচ্ছে যে, আগামী ২০/১০/২০২৫ খ্রি. তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) Masters Tab-এ গিয়ে Apply Now (Masters Preli. Private) এ আবেদন ফরম পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করে ফরম পূরণ পূর্বক নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নির্ধারিত রেজিস্ট্রেশন ফরমের মূল্য বাবদ ২৩৯৭/- টাকা ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা দিয়ে আবেদন ফরমের প্রিন্ট, টাকা জমাদানের প্রেমেন্ট স্লিপের কপি ও প্রয়োজনীয় কাগজপত্রসহ পরীক্ষা শাখায় সকাল ১০:০০ হতে বেলা ০২:০০ টা পর্যন্ত জমা দানের নির্দেশ দেয়া হলো।

**সময়সূচি: সকাল ১০:০০ টা থেকে বেলা ২:০০ টা পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারি ছুটি ব্যতীত)**

**১। আবেদনের যোগ্যতা:**

ক) এ ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ থেকে ২০২২ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় উত্তীর্ণ অথবা চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রার্থীরা আবেদন করতে পারবে এবং ভর্তিচ্ছু বিষয়ে (৪০০ নম্বর সম্বলিত) ন্যূনতম ৪৫% নম্বর অথবা সিজিপিএ পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ থাকতে হবে।

খ) আবেদনকারীকে স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রশন আবেদনের জন্য একটি বিষয় নির্ধারণ করতে হবে। স্নাতক (পাস) পর্যায়ে সনাতন পদ্ধতিতে উক্ত পঠিত বিষয়ে ৪০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে গঠিত বিষয়ে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যূনতম জিপিএ ২.০ পেতে হবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ থেকে ২০২২ সাল পর্যন্ত সার্টিফিকেট কোর্স পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ জিপিএ প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ থেকে ২০২২ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষাথী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে শর্তপূরণ সাপেক্ষে (অনুচ্ছেদ-১ এর গ এ বর্ণিত) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

ঙ) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ০৩ (তিন) শিক্ষাবর্ষ।

চ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়ন পত্র দাখিল সাপেক্ষে কারবন্দীগণও আবেদন করতে পারবে।

ছ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

**২। বিষয় নির্বাচন:**

ক) মাস্টার্স ১ম পর্ব কোর্সে (প্রাইভেট) রেজিস্ট্রেশনের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত বিষয়সমূহ :

**(১) বাংলা (২) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (৩) অর্থনীতি (৪) রাষ্ট্রবিজ্ঞান (৫) হিসাববিজ্ঞান**

খ) বিষয় নির্বাচনের ক্ষেত্রে অবশ্যই স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পর্যায়ে পঠিত অথবা সার্টিফিকেট কোর্স (৪০০ নম্বর সম্বলিত বিষয়ে) পরীক্ষায় উত্তীর্ণ বিষয় নির্বাচন করা যাবে;

গ) স্নাতক (পাস) কোর্সে পঠিত ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসেবে ইতিহাস এবং ইতিহাস বিষয়ে সমগোত্রীয় বিষয় হিসাবে ইসলামের ইতিহাস বিষয়টি গণ্য করা যাবে;

ঘ) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে বাংলা/ইংরেজি বিষয়ে আবেদনের ক্ষেত্রে স্নাতক (পাস) পর্যায়ে সনাতন পদ্ধতিতে উক্ত পঠিত বিষয়ে ৪০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যূনতম জিপিএ ২.০০ পেতে হবে।

## ৩। রেজিস্ট্রেশনের শর্তাবলী:

ক) প্রিলিমিনারি টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের আবেদন করার সময় কোনো বিষয়/কলেজ নির্বাচন করার পর পরবর্তীতে উক্ত বিষয়/ কলেজ পরিবর্তনের অনুমতি দেয়া হবে না।

খ) প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে সংশ্লিষ্ট শিক্ষাবর্ষের বিষয়ভিত্তিক সিলেবাস প্রিলিমিনারি টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

গ) শিক্ষার্থীগণকে রেজিস্ট্রেশন ও পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত মেনে নিতে হবে।

ঘ) কোনো শিক্ষার্থী একই সময়ে একাধিক কোর্সে কিংবা একাদিক বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠানে অধ্যয়ন করলে দ্বৈত ভর্তিজনিত কারণে উক্ত শিক্ষার্থীর ভর্তি ও ফলাফল বাতিল বলে গণ্য হবে।

ঙ) প্রিলিমিনারি টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ০৩ (তিন) শিক্ষাবর্ষ।

চ) সংশ্লিষ্ট কলেজ প্রতিটি বিষয়ে সর্বোচ্চ ১০০০ (এক হাজার) জন শিক্ষার্থীর আবেদন অনলাইন থেকে ডাউনলোড করতে পারবে।

## ৪। আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:

ক) এস এসসি/সমমান, এইচ এস সি/সমমান পরীক্ষা পাশের মূল সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি ১টি করে।

খ) স্নাতক (পাস) পরীক্ষা পাশের মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি ১টি করে।

গ) সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ অথবা গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদ ১টি করে।

ঘ) স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষা কোর্সের রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি ১টি।

ঙ) সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের উক্ত পরীক্ষার নম্বর পত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ১টি করে (সত্যায়িত)।

চ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে শিক্ষা ছুটি দেওয়া হবে মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়ন পত্র।

## ৬। প্রয়োজনীয় ফি এর বিবরণ:

(ক) আবেদন ফি-------------- ৫৫০/=
(খ) রেজি: ফি --------------- ১২৭০/=
(গ) ইনকোর্স ফি ------------ ৪৫০/=
(ঘ) ব্যবস্থাপনা ভর্তি ফি ------- ৫০/=
(ঙ) ব্যবস্থাপনা রেজি: ফি ------- ৫০/=
(চ) ব্যাংক সার্ভিস ------------ ২৭/=

সর্বমোট = ২৩৯৭/=

### উল্লেখিত সময়সূচি অনুযায়ী ফরম পূরণের ধাপ:

**ক. জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (http://app11.nu.edu.bd/) থেকে পরীক্ষার্থীগণ Masters Tab এ ক্লিক করে প্রাইভেট আবেদন ফরম পূরণ এবং ডাউনলোড করতে হবে।**

**খ. নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ এর ওয়েবসাইট naogc.edu.bd এর "কলেজ এডমিশন" মেন্যুতে গিয়ে Masters** Preli. Private **Admission অপশনে Admission Roll দিয়ে প্রবেশ করতে হবে এবং সঠিক ফি এর পরিমান নির্বাচন করে সাবমিট করতে হবে।**

**গ. রকেট App দিয়ে ৩০২ বিলার আইডিতে Admission Roll এর বিপরীতে নির্ধারিত টাকা জমা দিতে হবে।**

**ঘ. পেমেন্টের পর কলেজের ওয়েবসাইটের ফরমটি রিফ্রেশ দিলেই পে-স্লিপ তৈরি হবে। সেটি ডাউনলোড করে প্রিন্ট নিয়ে জমা দিতে হবে।**

অধ্যক্ষ
নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ